রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১৬, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**

**পলিসি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/০১ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৬.০০.০০০০.০৬১.২২.০০৯.২০.৪৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কেন্দ্রীয় ও স্থানীয় প্রশাসনের মধ্যে তাৎক্ষণিক যোগাযোগ, তথ্য আদান-প্রদান, সরকারি কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা, সেবা সহজীকরণ এর মাধ্যমে ই-সেবা প্রান্তিক জনগনের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে সরকারের জরুরি জনগুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থায় ‘ভিডিও কনফারেন্স অপারেশন প্লাটফর্ম’ স্থাপন করা হয়েছে। সরকারের উক্ত ভিডিও কনফারেন্স প্লাটফর্মসমূহ সঠিকভাবে রক্ষণাবেক্ষণ ও পরিচালনার নিমিত্ত সরকার “ভিডিও কনফারেন্স অপারেশন নির্দেশিকা-২০২৪” চূড়ান্ত অনুমোদন করেছে।

০২। সর্ব সাধারণের জ্ঞাতার্থে তা প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল হান্নান**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব) ।

**পটভূমি:**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কেন্দ্রীয় ও মাঠ প্রশাসনের মধ্যে তাৎক্ষণিক যোগাযোগ, তথ্য আদান-প্রদান, সরকারি কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা, সেবা সহজীকরণের মাধ্যমে ই-সেবাসমূহ প্রান্তিক জনগণের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক ২০১৫ সালে ভিডিও কনফারেন্স প্লাটফর্মসহ সারাদেশে ৮০৪টি ভিডিও কনফারেন্স ডিভাইস স্থাপন করা হয়। উল্লেখ্য যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০১০ সালে প্রধানমন্ত্রীর কার্যালয়সহ সকল বিভাগীয় কমিশনার কার্যালয় ও জেলা প্রশাসক কার্যালয়ে স্থাপিত মোট ৭৫টি ভিডিও কনফারেন্স সিস্টেম বিসিসি কর্তৃক স্থাপিত নেটওয়ার্কের সাথে সংযুক্ত করণপূর্বক বিসিসি কর্তৃক রক্ষণাবেক্ষণ এবং কারিগরি সহায়তা প্রদান করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নিকট হস্তান্তর করা হয়। এছাড়াও বিসিসি কর্তৃক দেশব্যাপী ১৮৪৩৪টি সরকারি দপ্তরসমূহের মাঝে একীভূত নেটওয়ার্ক স্থাপন করে ভিডিও কনফারেন্স নেটওয়ার্ক সুবিধাসহ বিসিসি'র জাতীয় ডাটা সেন্টার (টায়ার-৩) হতে সকল সরকারি ই-গভর্নমেন্ট সেবা প্রদান করা হচ্ছে।

ভিডিও কনফারেন্সের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিভিন্ন উন্নয়ন কার্যক্রম উদ্বোধন ও সরকারের উচ্চ পর্যায়ের গুরুত্বপূর্ণ সভা সম্পন্ন করার ফলে পূর্বে এ ধরনের কার্যক্রমে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীসহ সরকারের গুরুত্বপূর্ন ব্যক্তিবর্গের সরাসরি অংশগ্রহণের নিমিত্ত যে পরিমাণ সময়, ব্যয়, নিরাপত্তার ও লোকবলের সংশ্লেষ ছিল তা সাশ্রয় হয়েছে। ভিডিও কনফারেন্স ব্যবহারে সরকারি ব্যয় ও সময় বহুলাংশে সাশ্রয় হয়েছে এবং দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রেখেছে।

বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের প্রাদুর্ভাব (কোভিড-১৯) দেখা দিলে, সারাদেশ যখন স্থবির হয়ে পরে সে সময়ে কেন্দ্রীয় প্রশাসনের সাথে মাঠ পর্যায়ের যোগাযোগ ও বিভিন্ন প্রকার দিক নির্দেশনা, প্রশাসনিক কার্যক্রম, জাতীয় সিদ্ধান্ত গ্রহণসহ সরকারের গুরুত্বপূর্ণ সভা আয়োজনের জন্য ভিডিও কনফারেন্স এর ব্যাপকতা বৃদ্ধি পায়। ভিডিও কনফারেন্স ব্যবহারের মাধ্যমে বৈশ্বিক এই মহামারিতে সরকারের সকল কার্যক্রম পরিচালনা অত্যন্ত সহজতর হয়েছে। দেশ ও বিদেশে প্রশংসিত হয়েছে, যা ডিজিটাল বাংলাদেশ তথা দেশের ভাবমূর্তি বহির্বিশ্বের কাছে উজ্জ্বল করেছে। ভিডিও কনফারেন্স সেবার মান উন্নয়ন, কার্যকারিতা, ব্যবহারের ব্যাপকতা বৃদ্ধি ও সুষ্ঠু ভাবে পরিচালনার উদ্দেশ্যে "ভিডিও কনফারেন্স অপারেশন নির্দেশিকা-২০২৪" প্রস্তুত করা।

**২। উদ্দেশ্য:**

সরকারের ভিডিও কনফারেন্সিং সিস্টেম ব্যবহারের উদ্দেশ্য সমূহের তালিকা নিম্নরূপ:

- ভিডিও কনফারেন্স ব্যবহার করে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ/ পরিদপ্তর/অধিদপ্তর/দপ্তর/সংস্থা এবং মাঠপ্রশাসন এর দাপ্তরিক সভা/সেমিনার/মিটিং/মন্ত্রিপরিষদ বৈঠক/এনইসি-একনেক সভা সফলভাবে সম্পন্ন করার নিমিত্ত ভিডিও কনফারেন্স এর স্ট্যান্ডার্ড অপারেশন, রক্ষণাবেক্ষণ ও সঠিকভাবে এর ব্যবহার নিশ্চিত করা।
- সর্বোপরি স্মার্ট বাংলাদেশ সুচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে চ্যালেঞ্জ মোকাবেলায় ভিডিও কনফারেন্স পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/ পরিদপ্তর/অধিদপ্তর/দপ্তর/সংস্থা এর সাথে কারিগরি বিষয় সমন্বয় করা।

**৩। কার্যক্রম:**

ভিডিও কনফারেন্স সিস্টেম এর মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর সময়োপযোগী সকল নির্দেশনাসমূহ সরকারি-বেসরকারি ও সর্বস্তরের জনগণের মাঝে পৌঁছে দেয়া সম্ভব হচ্ছে। সরকারের ভিডিও কনফারেন্সিং সিস্টেম ব্যবহারের মাধ্যমে প্রদেয় সেবা/কার্যক্রম তালিকা নিম্নরূপ:

- মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর ভার্চুয়াল সভার আয়োজন ও কারিগরি সহায়তা প্রদান;
- মাননীয় স্পীকার/মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী মহোদয়ের ভার্চুয়াল সভার আয়োজন ও কারিগরি সহায়তা প্রদান;
- মন্ত্রিপরিষদ সচিব/মুখ্যসচিব/সিনিয়র সচিব/সচিবসহ প্রশাসনের কর্মকর্তাগণের বিভিন্ন ভার্চুয়াল কার্যক্রমে কারিগরি সহায়তা প্রদান;
- মাঠপ্রশাসনের কর্মকর্তাগণের ভার্চুয়াল সভা/মতবিনিময়ে কারিগরি সহায়তা প্রদান;
- ভিডিও কনফারেন্সের মাধ্যমে সরকারের উন্নয়ন প্রকল্পসমূহের উদ্বোধন/ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে কারিগরি সহায়তা প্রদান;
- জাতীয় ও আন্তর্জাতিক সভা/সেমিনার/দিবস-এ ভার্চুয়াল অংশগ্রহণে কারিগরি সহায়তা প্রদান;
- বিভিন্ন পুরস্কার/সনদ/সম্মাননা/আর্থিক সাহায্য গ্রহণ ও বিতরণ কার্যক্রমে ভার্চুয়াল অংশগ্রহণে কারিগরি সহায়তা প্রদান;
- করোনার মত মহামারি এবং বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় জরুরি চিকিৎসা সেবাসহ সকল সেবা সচল রাখার নিমিত্ত সরকারের দিকনির্দেশনামুলক ভার্চুয়াল সভা/সেমিনার আয়োজন ও কারিগরি সহায়তা প্রদান;

- বিসিসি কর্তৃক ভিডিও কনফারেন্স অপারেশন এন্ড ট্রাবলশুটিং সংক্রান্ত ট্রেনিং পরিচালনা করা;
- প্রধানমন্ত্রীর কার্যালয়/ ক্যাবিনেট ডিভিশনের প্রয়োজনীয় নির্দেশনা/অনুমোদনের ভিত্তিতে সরকারের গুরুত্বপূর্ণ অনলাইন সভা/অনুষ্ঠানের ডাটা/ভিডিও তথ্য জাতীয় ডাটা সেন্টারে সংরক্ষণ অ সুরক্ষিত রাখাসহ নিরাপত্তা নিশ্চিত করা;
- প্রয়োজন অনুসারে সরকারের গুরুত্বপূর্ণ অনলাইন সভা/অনুষ্ঠানের ডাটা/ভিডিও তথ্য জাতীয় ডাটা সেন্টারে সংরক্ষণ ও সুরক্ষিত রাখা;
- বিসিসির website এ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) তে সরাসরি পর্যায়ে ভিডিও কফারেন্সিং সেবা প্রদান সংক্রান্ত weblinkটি হালনাগাদ করাসহ এই সেবা প্রদানের জন্য কর্মবন্টন করে বিসিসির website হালনাগাদ করা।

**৪। ভিডিও কনফারেন্স ব্যবস্থাপনা:**

ভিডিও কনফারেন্স সিস্টেম সঠিকভাবে পরিচালনার জন্য সিস্টেম ব্যবস্থাপনা, ইনডোর ও আউটডোর ভিডিও কনফারেন্স ব্যবস্থাপনা এবং আয়োজক সংস্থা, বিসিসি, অংশগ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক করণীয় ইত্যাদি। ভিডিও কনফারেন্স এর গুণগত মান নিশ্চিতের লক্ষ্যে সেবা প্রদানকারী, সেবা গ্রহীতাসহ সংশ্লিষ্ট সকলের করণীয়;

**৪.১ সিস্টেম ব্যবস্থাপনা:**

বিসিসি সরকারের ভিডিও কনফারেন্স প্লাটফর্ম (Multi Conferencing Unit (MCU), Service Management Center (SMC), National E-Govt. Network, সার্ভার ইত্যাদি) (পরিশিষ্ট-১) রক্ষণাবেক্ষণ, পরিচালনা এবং নিয়মিত হালনাগাদ করবে। ভিডিও কনফারেন্স ব্যবহারকারী মন্ত্রণালয়/বিভাগ/পরিদপ্তর/অধিদপ্তর/দপ্তর/সংস্থা সমূহের প্রয়োজন অনুসারে রেকর্ডিং ও লাইভ স্ট্রিমিং করবে। এছাড়াও ভিডিও কনফারেন্সের স্ট্যান্ডার্ডসহ পিপিআর, ২০০৮ অনুযায়ী হালনাগাদ প্রমিত স্পেসিফিকেশন প্রস্তুত করবে। বিসিসি ব্যবহারকারী প্রতিষ্ঠানের চাহিদার পরিপ্রেক্ষিতে ভিডিও কনফারেন্স সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা করবে। আউটডোর ভিডিও কনফারেন্স সিস্টেম রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য ভিডিও কনফারেন্‌স ব্যবহারকারী প্রতিষ্ঠান হতে বিসিসি সরকার কর্তৃক নির্ধারিত ফি গ্রহণ করতে পারবে।

**৪.২ ইনডোর টার্মিনাল ব্যবস্থাপনা:**

ভিডিও কনফারেন্স ব্যবহারকারী প্রতিষ্ঠানসমূহ, তাদের ভিডিও কনফারেন্স ডিভাইসসমূহ প্রতি সপ্তাহে কমপক্ষে ০১ (এক) দিন সচল করে কল টেস্ট সম্পন্ন করবে। ভিডিও কনফারেন্সের আনুষঙ্গিক যন্ত্রাদি সঠিক ভাবে সংরক্ষণ করবে। ব্যবহারকারী প্রতিষ্ঠানসমূহ তাদের নিজস্ব বাজেট হতে ভিডিও কনফারেন্স সিস্টেম সংশ্লিষ্ট যন্ত্রপাতিসমূহ রক্ষণাবেক্ষণ করতে হবে। এ বিষয় ২৯ তম ডিএনসিসি সভার ৩ নং সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে গত ১০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারিকৃত পরিপত্র এবং ২৪/১০/২০১৮ তারিখে অর্থ বিভাগের নির্দেশনা অনুসরণ করতে হবে। বিসিসি ভিডিও কনফারেন্স ও নেটওয়ার্ক সংযোগ এর কারিগরি সহায়তা প্রদান করবে। টার্মিনাল ব্যবহারকারী

প্রতিষ্ঠানসমূহকে তাদের ডিভাইস হালনাগাদ রাখতে হবে। ভিডিও কনফারেন্স সিস্টেমের পাশাপাশি এপ্লিকেশন সফটওয়্যার (BCC Cloud Link) ব্যবহার করে ভিডিও কনফারেন্সে সংযুক্ত হওয়ার জন্য বিসিসি হতে User ID সংগ্রহ করতে হবে (পরিশিষ্ট-২)।

**৪.৩ আউটডোর ভিডিও কনফারেন্স ইভেন্ট ব্যবস্থাপনাঃ** আউটডোর ভিডিও কনফারেন্স ইভেন্ট ব্যবস্থাপনা বলতে বুঝানো হয়েছে দেশের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম উদ্বোধনের জন্য খোলা জায়গায়/বড় হল রুমে/বিল্ডিং এর আন্ডারগ্রাউন্ড ব্যবহার করে সাজ-সজ্জা ও অন্যান্য ভিডিও ক্যামেরা, অডিও সিস্টেম, ডিসপ্লে ইত্যাদি যন্ত্রাদি স্থাপন করে অনুষ্ঠান সম্পন্ন করা।

**৪.৩.১ মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠপ্রশাসন (প্রযোজ্য ক্ষেত্রে):**

ভিডিও কনফারেন্স এর সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় ও তদারকির মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা।

**৪.৩.২ আয়োজক সংস্থা কর্তৃক করণীয়:** সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/পরিদপ্তর/অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক পরিচালিত বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম উদ্বোধন আয়োজনকারী প্রতিষ্ঠান আয়োজক সংস্থা হিসেবে কাজ করবে। আয়োজক সংস্থা কর্তৃক করণীয় নিম্নরূপঃ

- ভিডিও কনফারেন্স এর তারিখ, সময় ও স্থান নির্ধারণ করে সংশ্লিষ্ট সকলকে অবগত করা।
- ভিডিও কনফারেন্স এর ফোকাল পয়েন্ট ও সহযোগী ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণপূর্বক কারিগরি সভার আয়োজন করা।
- ভিডিও কনফারেন্স এর অনুষ্ঠানের মহড়ার তারিখ ও সময় নির্ধারণপূর্বক সংশ্লিষ্ট সকলকে অবগত করা।
- মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়/মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়/মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত চেক লিস্ট অনুসরণ করা।
- ভিডিও কনফারেন্স এর ডিভাইস, নেটওয়ার্ক স্থাপন এবং প্রয়োজনীয় কারিগরি সহায়তার জন্য বিসিসি এর সাথে যোগাযোগ করা।
- বিসিসি হতে নির্ধারিত কারিগরি চেক লিস্ট অনুসরণ করা (সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান)।
- ভিডিও কনফারেন্সিং এর জন্য নির্ধারিত স্থানসমূহে জেনারেটর, ইউপিএসসহ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা এবং ভিডিও ও অডিও কভারেজের জন্য প্রয়োজনীয় প্রোডাকশন/প্রফেশনাল ক্যামেরা, ড্রোন, সাউন্ড সিস্টেম, ডিসপ্লে, প্যান্ডেল, আলোক সরবরাহ ইত্যাদি নিশ্চিত করা।
- নির্ধারিত স্থানের ব্যবহৃত যন্ত্রাদির গুণগতমান এবং এ কাজের সাথে সম্পৃক্ত দক্ষ জনবল নিশ্চিত করা।

- ভিডিও কনফারেন্স এর নির্ধারিত স্থানের সকল নিরাপত্তা নিশ্চিত করা (লাস্ট মাইল অপটিক্যাল ফাইবারসহ)।
- যথাযথ কর্তৃপক্ষের তাৎক্ষণিক কারিগরি নির্দেশনা বাস্তবায়নে ভিডিও কনফারেন্স কারিগরি টিমের সাথে সংশ্লিষ্ট স্থানে ফোকাল পয়েন্ট ও সহযোগী ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করা।
- ভিডিও কনফারেন্স অনুষ্ঠান স্থলকে বজ্রপাত হতে সুরক্ষার জন্য প্রয়োজনীয় প্রোটেকশন নিশ্চিত করা।

**৪.৪ বিসিসি কর্তৃক করণীয়:**

- ভিডিও কনফারেন্স সংশ্লিষ্ট সকলের সাথে কারিগরি সমন্বয় করা (কানেক্টিভিটি, ক্যামেরা, সাউন্ড, ডিসপ্লে ও অন্যান্য) ।
- নির্ধারিত স্থানসমূহের সার্ভে সম্পন্ন করে বিসিসি'র তালিকাভুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং নেটওয়ার্ক কানেক্টিভিটির একাধিক বিকল্প সংযোগসহ নেটওয়ার্ক স্থাপন করার ব্যবস্থা গ্রহণ করা।
- ভিডিও কনফারেন্স নেটওয়ার্ক সার্বক্ষণিক মনিটরিং করা এবং নেটওয়ার্কের কারিগরি নিরাপত্তা নিশ্চিত করা।
- নির্ধারিত কারিগরি চেকলিস্ট (পরিশিষ্ট-৩) অনুসরণপূর্বক ব্যাকআপসহ ভিডিও কনফারেন্স এর ডিভাইস স্থাপন এবং প্রয়োজনীয় কারিগরি সহায়তার জন্য কর্মকর্তা প্রেরণ করা।
- আয়োজক সংস্থার চাহিদার প্রেক্ষিতে নির্ধারিত স্থানের ভিডিও কনফারেন্স এর জন্য প্রয়োজনীয় ডিভাইস সরবরাহের ব্যবস্থা করা।
- ভিডিও কনফারেন্সিং এর জন্য একাধিক টেস্ট কল সম্পন্ন করা।
- ভিডিও কনফারেন্স ডিভাইসের সাথে ক্যামেরা, সাউন্ড, ডিসপ্লে ও অন্যান্য যন্ত্রাংশ সঠিকভাবে Integration পূর্বক কার্যকারিতা নিশ্চিত করা।
- একাধিক কারিগরি মহড়া সম্পন্ন করা।

**৪.৫ অংশগ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক করণীয়:**

- ভিডিও কনফারেন্স এর তারিখ ও সময় নির্ধারিত হলে তাৎক্ষণিক বিসিসি-কে অবহিত করা।
- ভিডিও কনফারেন্স এর নির্ধারিত স্থানের নিরাপত্তা নিশ্চিত করা।
- নির্ধারিত স্থানে বিকল্প ব্যবস্থাসহ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা (প্রোগ্রামের ০৪ দিন পূর্ব হতে)।

- অনুষ্ঠানস্থলের সাজ সজ্জা (প্যান্ডেল, আলোক সরবরাহ, ক্যামেরা, সাউন্ড, ডিসপ্লে এবং অন্যান্য) কারিগরি মহড়ার নির্ধারিত সময়ের পূর্বে নিশ্চিত করা। (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ফোকাল পয়েন্ট ও সহযোগী ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করাসহ তাদের যথাযথ ভূমিকা নিশ্চিত করা।

**৫। আউটডোর ভিডিও কনফারেন্স প্রয়োজনীয় যন্ত্রাংশের তালিকা:**

- ভিডিও কনফারেন্সের গুরুত্ব বিবেচনায় কমপক্ষে নিম্নোক্ত ডিভাইসের সংস্থান রাখতে হবে (ভিডিও কনফারেন্সের নেটওয়ার্ক ডায়াগ্রাম-পরিশিষ্ট-৪) সরকারের বর্তমান ভিডিও কনফারেন্স প্লাটফর্ম এর সাথে প্রস্তুতকৃত কম্পিটেবল স্পেসিফিকেশন যা অবশ্যই BNDA (Bangladesh National Digital Architecture) গাইডলাইন অনুসরণ করতে হবে। ভিডিও কনফারেন্স সংশ্লিষ্ট ডিভাইসসমূহের তালিকা নিম্নরূপঃ

১। ভিডিও কনফারেন্স কোডেক- ১+১।

২। ভিডিও কনফারেন্স ক্যামেরা- ১+১।

৩। প্রোডাকশন/প্রফেশনাল ক্যামেরা-(প্রয়োজন অনুসারে)।

৪। নেটওয়ার্ক ডিভাইস- ১+১।

৫। ভিডিও ম্যাট্রিক্স সুইচার- ১+১।

৬। এল ই ডি প্যানেল (প্রয়োজন অনুসারে)।

৭। সাউন্ড সিস্টেম- ১+১।

৮। মাইক্রোফোন (গুসনেক ও হ্যান্ডহোল্ড)-(প্রয়োজন অনুসারে)।

৯। অনলাইন ইউপিএস (ন্যুনতম ৩ কেভিএ ক্ষমতা)- ১+১।

১০। Generator- ১+১।

১১। Control Display.

১২। Laptop.


১৩। Accessories (SFP, Tripod, Cables, etc.)

১৪। Surge Protective Device/ SDP-১

**৬। নতুন ভিডিও কনফারেন্স সিস্টেম ক্রয়ের ক্ষেত্রে স্পেসিফিকেশন সরবরাহ:**

নতুন ভিডিও কনফারেন্স সিস্টেম ক্রয় অথবা হালনাগাদ করণের ক্ষেত্রে ভিডিও কনফারেন্স ব্যবহারকারী মন্ত্রণালয়/বিভাগ/পরিদপ্তর/অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত স্পেসিফিকেশন বিসিসি নিকট হতে ভেটিং করতে হবে।

**পরিশিষ্ট-১**




New Video Conference Platform Network Diagram

**পরিশিষ্ট-০২**

# BCC CLOUDLINK

## User Manual

Strengthening of Government Video Conferencing Platform Project
Bangladesh Computer Council

Information and Communication Technology Division



DIGITAL BANGLADESH
Skilled. Equipped. DigitalReady.

ICT DIVISION
FUTURE IS HERE

BANGLADESH COMPUTER COUNCIL
COMPUTER FOR EVERYTHING

## ❖ BCC Cloudlink for windows


i. Clink on the provided link (provided by BCC before the conference)
https://gvc.bcc.gov.bd/smc_public/DataConferenceJoin/DataConferenceJoin.html?uuid=148d308b-95db-4b17-b73c-(sample link)

| ii. Clink on the **Advanced** option | iii. Click on the **Proceed** link |
| --- | --- |
|   |   |


iv. Click on **down it**, to download the BCC Cloudlink for the first time





v. BCC Cloudlink is downloading





vi. After downloading the app, double-click on the below icon and install it on your Laptop/Desktop




**vii.** Clink on the **More info** option





**viii.** Click on the **Run anyway** option




**ix.** Clink on the **Setup** option




**x.** Click on **Start Using**







**xi.** After completion of installation, you will get this window. **Don't click on login**.



xii. Clink on the **provided link** again
[https://gvc.bcc.gov.bd/smc_public/DataConferenceJoin/DataConferenceJoin.html?uuid=148d308b-95db-4b17-b73c-(sample link)](https://gvc.bcc.gov.bd/smc_public/DataConferenceJoin/DataConferenceJoin.html?uuid=148d308b-95db-4b17-b73c-)

xiii Click on **Open BCC Cloudlink**





| xiv. Provide your Office/Your name (BCC-sample name) in my nickname option and then click **ok**. | xv. Now you have joined in the conference. |
|---|---|
|  |  |

BANGLADESH COMPUTER COUNCIL
COMPUTER FOR EVERYTHING


## ❖ BCC Cloudlink for Android

**i.** Clink on the provided link (provided by BCC before the conference)
https://gvc.bcc.gov.bd/smc_public/DataConferenceJoin/DataConferenceJoin.html?uuid=148d308b-95db-4b17-b73c- (sample link)


**ii.** Clink on the **Advanced** option





**iii.** Click on the **Proceed** link




iv. Clink on **Download Now,** to download the BCC Cloudlink for the first time





v. Click on **Download anyway**






vi. BCC Cloudlink is downloading





vii. Click on **Install**




BANGLADESH COMPUTER COUNCIL
COMPUTER FOR EVERYTHING

| | |
|---|---|
| **viii.** For the first time downloading, allow chrome to install unknown app from settings | **ix.** Click on allow apps from this source |
|   |   |


**x.** After downloading the app, double-click on the below icon




**xi.** Click on **Agree and Continue** option






**xii.** After completion of installation, you will get this window. **Don't click on login. Clink on the provided link again**






**xiii.** Provide your Office/Your name (BCC-sample name) in **Name to Join Meeting** option and then click **ok**.





<table>
<tr>
<td>xiv. Allow App permission to Camera, Microphone must and give necessary app permission to other options.</td>
<td>xv. Now you have joined in the conference.</td>
</tr>
<tr>
<td>
</td>
<td>
</td>
</tr>
</table>

# BCC Cloudlink for iOS


- For iOS users you can download BCC Cloudlink in two ways:
  1) Provided link
  2) From App Store

| | |
|---|---|
| **i.** Clink on the **provided link** (provided by BCC before the conference) https://gvc.bcc.gov.bd/smc_public/DataConferenceJoin/D(sample link) After clink on the **provided link**, to download the BCC CloudLink for the first time click on **Download Now** option | **ii.** From **App Store** search **BCC CloudLink,** Click on the download icon |
|   |   |


| | |
|---|---|
| **iii.** BCC CloudLink is downloading | **iv.** After downloading, click on Open. |
|   |   |

BANGLADESH COMPUTER COUNCIL
COMPUTER FOR EVERYTHING


**v.** Now, Allow App permission to Camera





**vi.** Allow App permission to Microphone




**vii.** Click on **Agree and Continue** option





**iii.** After completion of installation, you will get this window. **Don't click on login. Clink on the provided link again**



| Video Conference Technical Check List | | | | |
|---|---|---|---|---|
| Program Name: | | | | |
| Venue: | | | | |
| Program Date & Time: | | Trail Date & Time: | | |
| **Power (Grid/Generator)** | | | | |
| **SL** | **Item Description** | **Status** | | **Remarks** |
| 1 | Power Source<br>(PDB/REB/DESCO/NESCO/DPDC/……………… | OK | Not OK | |
| 2 | Generator power (Main)<br>(Automatic/Manual) & Power Rating…………KW | OK | Not OK | |
| 3 | Generator power (Backup)<br>(Automatic/Manual) & Power Rating…………KW | OK | Not OK | |
| 4 | UPS for Network & VC Equipment (Main)<br>………KVA | OK | Not OK | |
| 5 | UPS (Main) Power Backup & Load Capacity | OK | Not OK | |
| 6 | UPS for Network & VC Equipment (Backup)<br>………KVA | OK | Not OK | |
| 7 | UPS (Backup) Power Backup & Load Capacity | OK | Not OK | |
| 8 | Power Integration with main source to all equipment according standard<br>(UPS-PDU) | OK | Not OK | |
| 9 | Any loose connection? | Yes | No | |

**পরিশিষ্ট-০৩**

| Network Connectivity (Primary/Secondary/Tertiary) | | | | |
|---|---|---|---|---|
| **SL** | **Item Description** | **Status** | | **Remarks** |
| 1 | Network device (Router/Switch) Power from UPS | OK | Not OK | |
| 2 | SFP with Backup | OK | Not OK | |
| 3 | Media Converter (Optical to RJ45) with Backup | OK | Not OK | |
| 4 | Midea Converter Power from UPS | OK | Not OK | |
| 5 | Last Mile Fiber and patch cord laying Properly | OK | Not OK | |
| 6 | Last Mile Optical Patch Cord Protection | OK | Not OK | |
| 6 | Router/Switch to VC Equipment Lan cable | OK | Not OK | |
| 7 | Have Spare LAN Cable? | Yes | No | |
| 8 | Connectivity (Primary)<br>(Service Provider Name: ……………………………………)<br>Last Mile Length: ………………. | OK | Not OK | |
| 9 | Connectivity (Secondary)<br>(Service Provider Name: ……………………………………)<br>Last Mile Length: ………………. | OK | Not OK | |
| 10 | Connectivity (Tertiary)<br>(Service Provider Name: ……………………………………)<br>Last Mile Length: ………………. | OK | Not OK | |
| 11 | Assigned IP Address for VC Devices<br>IP:<br>IP: | OK | Not OK | |



Power
Switching
(ChangeOver)
Generator
PDB/REB/DESA/
DESCO/NESCO Power
Online UPS
Main router
Backup Router
Network Device
Main Codec
Backup Codec
Codec
System Microphone
System Camera





**Figure: Video Conferencing System Set up**

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd